



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
প্রকিউরমেন্ট শাখা
তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.০০০.১১১.০৬.০২৪১.১৮.৮৯

তারিখ: ২৮ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১১ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: বাজার দর যাচাই পূর্বক দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুতকরণ কমিটি পুনর্গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে তুলা উন্নয়ন বোর্ড (সঃদঃ), কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা কার্যালয়ের বিবিধ মালামাল ক্রয়/বিক্রয়/সংগ্রহ ও মেরামতের নিমিত্তে “The Public Procurement Regulations-2008”, বিধি ১৬ (৫ক) এর আলোকে নিম্নবর্ণিত ভাবে বাজার দর যাচাইপূর্বক দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (official cost estimate) প্রস্তুতকরণ কমিটি পুনর্গঠন করা হলো।

ক্রঃ নং	কর্মকর্তাগণের নাম ও পদবী	কমিটিতে অবস্থান
১	মোঃ মাহফুজুর রহমান, কীট পতঙ্গ বিশেষজ্ঞ (অঃ দাঃ), তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।	আহবায়ক
২	মুসফিকা সুলতানা মেট্রোপলিটন কৃষি অফিসার, মেট্রোপলিটন কৃষি অফিস, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কামরাসীংরচর, ঢাকা।	সদস্য
৩	মোঃ আবু তালেব চৌধুরী আঁশ প্রযুক্তিবিদ, তুলা উন্নয়ন বোর্ড (সঃদঃ), কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধিঃ

- উক্ত কমিটি সরেজমিনে বাজার পরিদর্শনপূর্বক সংশ্লিষ্ট মালামালের বাজার দর যাচাই করে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (official cost estimate) প্রস্তুত করবেন।
- কমিটির সকল সদস্যের স্বাক্ষরযুক্ত দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় সীলগালা করে ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE-Head of the Procuring Entity) এর নিকট দাখিল করবেন যা দরপত্র উন্মুক্তকরণ কমিটি দরপত্র খোলার প্রাক্কালে ঘোষণা করবেন।
- উক্ত কমিটি দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুতকালে পরিবহন ব্যয়, ওভারহেড, মুনাফা, ঝুঁকি, ভৌগোলিক অবস্থান, জটিলতা (complexity) অনগ্রসরতা, জেলা সদর বা ক্রয় কার্যস্থল হতে দূরত্ব, প্রযোজ্য ক্ষেত্রে, মূল্য সংযোজন কর (VAT) এবং অগ্রিম আয়করসহ (AIT) আনুষঙ্গিক অন্যান্য প্রযোজ্য বিষয়সমূহ আবশ্যিকভাবে বিবেচনা করবেন।

১১-০৪-২০২৫

ড. মোঃ ফখরে আলম ইবনে তাবিব
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- কীটপতঙ্গ বিশেষজ্ঞ (অতিরিক্ত দায়িত্ব), প্রকিউরমেন্ট শাখা, তুলা উন্নয়ন বোর্ড।
- মুসফিকা সুলতানা, মেট্রোপলিটন কৃষি অফিসার, মেট্রোপলিটন কৃষি অফিস, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কামরাসীংরচর,

ঢাকা।

৩। আঁশ প্রযুক্তিবিদ, ল্যাবরেটরি শাখা, তুলা উন্নয়ন বোর্ড।

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.০০০.১১১.০৬.০২৪১.১৮.৮৯/১ (৩)

তারিখ: ২৮ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১১ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। তুলা উন্নয়ন কর্মকর্তা, পরিকল্পনা শাখা, তুলা উন্নয়ন বোর্ড।
- ২। তুলা উন্নয়ন কর্মকর্তা, আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড।
- ৩। হিসাবরক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব), হিসাব শাখা, তুলা উন্নয়ন বোর্ড।



১১-০৪-২০২৫

মোঃ মাহফুজুর রহমান
কীটপতঙ্গ বিশেষজ্ঞ (অতিরিক্ত দায়িত্ব)